



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ নভেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

কাউখালিতে ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ মঙ্গলবার ১৯ নভেম্বর ২০১৯, এক বিবৃতিতে জেলার কাউখালি উপজেলার উল্য গ্রাম থেকে জ্ঞান রঞ্জন চাকমা (৪০) পিতা শশী রঞ্জন চাকমা নামে ইউপিডিএফের এক সদস্যকে রাত পৌনে একটার দিকে তার নিজ বাড়ি থেকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ ও পরোয়ানা ছাড়া তাকে গ্রেফতারকে মানবাধিকারের লঙ্ঘন বলে তিনি মন্তব্য করেন এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তির দাবি জানান।

ইউপিডিএফ নেতা অভিযোগ করে বলেন, একদিকে বিগত চারটি জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেয়া গণতান্ত্রিক দল ইউপিডিএফের উপর ফ্যাসিস্ট কায়দায় বর্বর দমনপীড়ন চালানো হচ্ছে, অন্যদিকে দাগি সন্ত্রাসী, চিহ্নিত খুনী ও বহুল আলোচিত সাত-খুনের আসামীসহ অপরাধীদের পৃষ্ঠপোষকতা ও প্রকাশ্যে কর্মকাণ্ড চালানোর সুযোগ দেয়া হচ্ছে, যার কারণে পার্বত্য চট্টগ্রামে অশান্তি ও সংঘাত বেড়ে যাচ্ছে।

সচল চাকমা অবিলম্বে ইউপিডিএফের উপর রাজনৈতিক দমনপীড়ন বন্ধ, খুনী-সন্ত্রাসীদের গ্রেফতার ও পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।